

শাহায়ায় দিন

তারিখ 2007-03-20  
পৃষ্ঠা ১০

১০/৩/০৭  
১০

### এইচএসসি পরীক্ষায় ক্যাডেট কলেজগুলোর অভাবনীয় সাফল্য

যাযাদি রিপোর্ট

দেশের ক্যাডেট কলেজগুলোর শিক্ষার্থীরা এইচএসসি পরীক্ষার ফলে অভাবনীয় সাফল্য অর্জন করেছে।

এ বছর ক্যাডেট কলেজগুলো জাতীয় শিক্ষা কারিকুলামের অধীন ইংরেজি মাধ্যমে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় ৫২০ জন পরীক্ষার্থীর মধ্যে ৪২২ জন শিক্ষার্থী জিপিএ-৫ এবং ৯৮ জন জিপিএ ৪-এর বেশি নম্বরের পেয়ে অসাধারণ সাফল্য অর্জন করেছে।

তবে ক্যাডেট কলেজগুলোর মধ্যে কুমিল্লা ক্যাডেট কলেজের সাফল্য অন্যদের তুলনায় বেশি। কলেজের ৫৫ শিক্ষার্থীর মধ্যে ৫৩ জনই পেয়েছে জিপিএ-৫। ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজও ফলের দিক থেকে সফল। কলেজের ৫৯ শিক্ষার্থীর মধ্যে ৫৪ জনই পেয়েছে জিপিএ-৫।

বিনাইদহ ক্যাডেট কলেজের ৪৮ জন, সিলেট ক্যাডেট কলেজের ৪৪ জন, রাজশাহী ক্যাডেট কলেজের ৪১ জন, পাবনা ক্যাডেট কলেজের ৪০ জন, রংপুর ক্যাডেট কলেজের ৪০ জন, মির্জাপুর ক্যাডেট কলেজের ৩৮ জন, বরিশাল ক্যাডেট কলেজের ৩৭ জন এবং ফৌজদারহাট ক্যাডেট কলেজের ২৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।